DINABANDHU MAHAVIDYALAYA
Estd.-1947
CENTRAL LIBRARY

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2024

## BNGADSE05T-BENGALI (DSE3/4)

## বাংলা কথাসাহিত্য : মন্বন্তর, দাঙ্গা ও দেশভাগ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

#### একক-১

(ক) পঞ্চাশের মন্বন্তরের ভয়াবহ বাস্তব রূপ উন্মোচিত হয়েছে এমন কয়েকটি ছোটোগল্পের পরিচয় দাও। ১০

অথবা

(খ) ছেচল্লিশের দাঙ্গার বাক্‌রুদ্ধ ইতিহাস ধৃত হয়েছে এমন দুটি উপন্যাস সম্পর্কে আলোচনা করো। ১০

#### একক-২

(গ) মন্বন্তরের প্রত্যক্ষ অভিজ্ঞতায় মানুষের কান্না ও অধঃপতন মানবতার লাঞ্ছনা ও বেদনা সমীকৃত হয়েছে ‘অশনি সংকেত’ উপন্যাসে — মন্তব্যটির যথার্থতা নির্দেশ করো। ১০

অথবা

(ঘ) মতি মুচিনী এবং কাপালীদের ছোট বৌ — মন্বন্তরের অভিঘাতে দুই নারীর দু’ধরনের পরিণতি ‘অশনি সংকেত’ উপন্যাসকে করে তুলেছে সময়ের বিশ্বস্ত আখ্যান — আলোচনা করো। ১০

#### একক-৩

(ঙ) ‘আগুন পাখি’ উপন্যাসটি কোনো সম্প্রদায়-বিশেষের নয়, সমগ্র কৌমের ভয়ঙ্কর ভাঙনের মহাখ্যান — আলোচনা করো। ১০

অথবা

(চ) ‘আগুন পাখি’ উপন্যাসে কথক-নারীর ব্যক্তিগত স্মৃতিলোক কীভাবে মিশে যেতে থাকে দেশের বৃহত্তর পরিসরে তা বিশ্লেষণ করো। ১০

#### একক-৪

(ছ) দেশভাগের নিভৃত ক্রন্দন নরেন্দ্রনাথ মিত্রের ‘পালঙ্ক’ গল্পকে বিশিষ্টতা দিয়েছে — আলোচনা করো। ১০

অথবা

(জ) ‘প্রায়শ্চিত্ত’ গল্পে নোয়াখালির দাঙ্গায় হিন্দুর চরম সঙ্কট মুহূর্তেও গল্পকার শেষপর্যন্ত তথাকথিত বিধর্মীর শুভবুদ্ধি সম্পন্ন মানবিক মুখেরই ছবি আঁকলেন — বিষয়টি পরিস্ফুট করো। ১০

## বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) দেশভাগের যন্ত্রণা ও স্মৃতিকে ধারণ করে রেখেছে এমন একটি উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(খ) 'চলো ভায়া, আমরা দুজনে যা হোক করে ওটির ব্যবস্থা করে আসি।' — বক্তা কে ? কার ব্যবস্থার কথা বলা হয়েছে ? 'ব্যবস্থা' শব্দটি এখানে কোন্ তাৎপর্য বহন করছে ? ১+১+৩

(গ) "এইবার এই গাঁয়ের হিঁদুরা বলছে সত্যকে মেরেছে মোসলমানরা। তাইলে বিশ্বভোবনের মোসলমানরা বিশ্বভোবনের হিঁদুদের শত্তুর। তাই যেদি হয়, তাইলে ই গাঁয়ের মতুন যেখানে য্যাতো হিন্দু-মোসলমানের গাঁ আছে, সব জায়গাতেই কি দাঙ্গা শুরু হবে ?" ১+৪

— এই আশঙ্কা-বেদনা কার মধ্যে সঞ্চারিত হয়েছে ? বক্তার মানসিক অস্থিরতার কারণ নির্দেশ করো।

(ঘ) 'দুশো বছর লেগে গেল ইংরেজের পতাকা সরাতে, আর তার ঝাণ্ডা সরাতে তিনদিনও সময় লাগল না!' ১+১+৩

— 'তার ঝাণ্ডা' বলতে কোন্ ঝাণ্ডার কথা বলা হয়েছে ?

— বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে এধরনের বক্তব্যের তাৎপর্য বুঝিয়ে দাও।

DINABANDHU MAHAVIDYALAYA Estd.-1947 CENTRAL LIBRARY

——×——